

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
বিরল, দিনাজপুর।

উপজেলা পরিষদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটির নভেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ  
সভাপতিঃ জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।  
স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।  
তারিখ : ০৮/১১/২০২৩খ্রিঃ  
সময় : ২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ

- ০১। জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০২। চেয়ারম্যান, ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৩। চেয়ারম্যান, ০৯নং মঙ্গলপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৪। চেয়ারম্যান, ১০নং রানীপুকুর ইউ, পি বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৫। মহিলা ওয়ার্ড সদস্য, ০৩নং ওয়ার্ড ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সদস্য সচিব) বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত

আলোচ্য বিষয়ঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা।
- ০৩। জয়িতা অন্তর্ভুক্ত বাংলাদেশ এর আওতায় জয়িতা নির্বাচনের বিষয়ে আলোচনা।
- ০৪। কিশোর-কিশোরী ক্লাব প্রকল্প বিষয়ে আলোচনা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্তোত্র জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় আজকের সভার মূল আলোচ্য বিষয় জানতে চাইলে কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিরল উপজেলায় ১২টি ইউনিয়নে প্রতিমাসে পর্যায়ক্রমে ১২টি ইউনিয়নে নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। সদস্য সচিব আরও বলেন যে, জয়িতা অন্তর্ভুক্ত বাংলাদেশ এর আওতায় ০২টি ইউনিয়ন ও পৌরসভা হতে ০৪(চার)টি ক্যাটাগরিতে ০৭টি আবেদন পাওয়া যায়। আবেদনগুলি যাছাই বাছাই কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রতি বছরের ন্যায় ০৪ (চার)টি ক্যাটাগরিতে ০৪জনকে চূড়ান্ত নির্বাচন করে উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুরে পঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সদস্য সচিব আরও জানান যে, বিরল উপজেলায় ১২টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় মোট ১৩টি কিশোর-কিশোরী ক্লাব পরিচালিত হচ্ছে। এবং প্রতি ক্লাসে ক্লাব সদস্যদের নাম্তা প্রদান করা হয়। সদস্য সচিব বলেন যে, প্রতি ক্লাবে মনিটরিং এর জন্য ক্লাব প্রতি ০১জন করে ক্লাব কো-অডিনেটর নির্বাচিত আছে। সদস্য সচিব আরও বলেন যে, আগামী ৩১ শে ডিসেম্বর/২০২৩ বর্তমান ক্লাব সদস্যদের মেয়াদ শেষ হবে। তদস্থলে আগামী জানুয়ারী/২০২৪ হতে নতুন ক্লাব সদস্য ভর্তি নেওয়ার নির্দেশনা পাওয়া যায়। এবং এ বিষয়ে জেডার প্রমোটারদের নির্দেশনা দেওয়া হয়েছে। সভাপতি মহোদয় বলেন যে, ক্লাবগুলি যেন আরও বেগবান হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সদস্য সচিবকে বলেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২০৬/১৫/১  
(ফিরোজা বেগম)

সভাপতি

উপজেলা পরিষদ মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।